

# সমবল

## শোভাযাত্রার শাড়ি নিয়ে ঢাবির বঙ্গমাতা হলে ছাত্রলীগের ২ গ্রন্থপের হাতাহাতি

প্রকাশ: ০৬ জানুয়ারি ২৩ | ২৩:২৯ | আপডেট: ০৬ জানুয়ারি ২৩ | ২৩:২৯

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল- ফাইল ছবি

ছাত্রলীগের শোভাযাত্রার শাড়ি নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলে ছাত্রলীগের দুই গ্রন্থপের হাতাহাতি হয়েছে। হাতাহাতিতে চার জন আহত হয়েছেন বলে জানা গেছে। এতে দীর্ঘ সময় হলের মেইন গেট অবরুদ্ধ অবস্থায় থাকে। শুক্রবার সন্ধ্যায় ছাত্রলীগের শোভাযাত্রা শেষে হল প্রাঙ্গণে এ ঘটনা ঘটে।

পরে ঘটনাস্থলে গিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. নিলুফার পারভীন, ঢাবি ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়ন ও সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকত উভয়পক্ষের সঙ্গে আলাপ করে সমাধানের করার চেষ্টা করেন।

আহতরা হলেন- কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক মুক্তিযুদ্ধ ও গবেষণা বিষয়ক উপসম্পাদক ও হলের সাবেক সাধারণ সম্পাদক রনক জাহান রাইন, প্রশিক্ষণ উপ সম্পাদক তানিয়া আক্তার তাপসী, ছাত্রলীগ কর্মী সোলতানা ও সাধারণ শিক্ষার্থী শাহিদা আক্তার। আহতরা বিশ্ববিদ্যালয়ের শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টার থেকে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন বলে জানা গেছে।

আহতদের মধ্যে সুলতানা ছাত্রলীগের কর্মী এবং তাপসীর সঙ্গে রাজনীতি করতেন বলে জানা যায়। অন্যদিকে শাহিদা আক্তার ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী।

বঙ্গমাতা হলের একাধিক শিক্ষার্থীর বলেন, ‘কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও হল শাখা ছাত্রলীগের সাবেক সভাপতি বেনজীর হোসেন নিশির অনুসারী হল সভাপতি ও সাধারণ সম্পাদকের দায়িত্ব আছেন। সাবেক সাধারণ সম্পাদক রনক জাহান রাইনের যে গ্রুপ ছিল সেটা তানিয়া আক্তার তাপসী চালাতেন। হল কমিটিতে আসতে পারেননি তাপসী, পরে ঢাবি ছাত্রলীগের নতুন কমিটি হলে তাপসীর গ্রুপের কর্মীরা ঢাবি শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতের রাজনীতি শুরু করেন। প্রতিষ্ঠাবার্ষিকীর শোভাযাত্রায় আলাদাভাবে তাপসীর গ্রুপের কর্মীরা আসলে তাদের ওপর চড়াও হয় হল শাখা ছাত্রলীগের সভাপতি কোহিনুর আক্তার রাখি ও সাধারণ সম্পাদক সানজিনা ইয়াসমিন। কথা কাটাকাটির এক পর্যায়ে হাতাহাতি হয়। হাতাহাতির এক পর্যায়ে মারধরের শিকার হন আহতরা। কোহিনুর আক্তার রাখি ও সানজিনা ইয়াসমিনের নেতৃত্ব এ ঘটনা ঘটে।’

হল ছাত্রলীগের কয়েকজন কর্মী বলেন, ‘শোভাযাত্রা উপলক্ষে তাপসী আলাদাভাবে নতুন শাড়ির কথা জানালে দিতে অস্বীকার করে হল সভাপতি ও সাধারণ সম্পাদক। তাপসী বিষয়টি তানভীর হাসান সৈকতকে জানালে সৈকত শাড়ি পরিধান না করে সাধারণ ড্রেসে আসতে বলেন। হলের সঙ্গে একত্রে মিছিল নিয়ে শোভাযাত্রায় উপস্থিত না হওয়া তাপসীকে হল থেকে বের করে দেওয়ার হুমকি দেওয়া হয়। পরে হলে গেলে কথা কাটাকাটি হয়। এর থেকেই সংঘর্ষের সূত্রপাত ঘটে।’

প্রত্যক্ষদশী শিক্ষার্থীরা বলেন, ‘শাহিদা তার রূম থেকে খাবারের জন্য নিচে নামেন, কিন্তু সেখানে হাতাহাতির মাঝখানে পড়ে যাওয়ায় তাকে তাপসীর গ্রুপের কর্মী মনে করে মারধর করা হয়। সে আহত হওয়ার পর, তাকে হাসপাতালে নিয়ে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।’

প্রষ্টর এ কে এম গোলাম রব্বানী সমকালকে বলেন, ‘শিক্ষার্থীদের মাঝে উত্তেজনার সৃষ্টি হয়েছিল। হল প্রশাসন বিষয়টি দেখছেন। আশা করি সুর্ঘু একটা সমাধান হবে।’

আহত রনক জাহান রাইন বলেন, ‘ঢাবি ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক এসেছেন। তারা বিষয়টি সমাধান করবেন, আমি আর কিছু বলতে চাচ্ছি না।’

ঢাবি ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়ন সমকালকে বলেন, আমরা সমাধানের চেষ্টা করছি।

হাতাহাতি ও মারধরের নেতৃত্ব দেওয়া হল ছাত্রলীগের সভাপতি কোহিনুর আক্তার রাখি ও সাধারণ সম্পাদক সানজিনা ইয়াসমিনকে ফোন দেওয়া হলে তারা রিসিভ করেননি। হলের প্রাধ্যক্ষকেও ফোনে পাওয়া যায়নি।

---

© সমকাল ২০০৫ - ২০২৩

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)